



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০. ২১১০

তারিখ: ১৬/১০/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা এবং ১০ম শ্রেণির শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা ২০২১ গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪/১১/২০২১ খ্রি. থেকে ৩০/১১/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা এবং ১০ম শ্রেণির শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা ২০২১ গ্রহণ করতে হবে। এতদবিষয়ে নিম্নলিখিত নির্দেশনাগুলো যথাযথভাবে অনুসরণ করতে হবে:

১. বাংলা, ইংরেজী ও সাধারণ গণিত বিষয়ে পরীক্ষা নিতে হবে;
২. পরীক্ষার প্রশ্নপত্রের মান হবে ৫০ নম্বরের;
৩. প্রতিটি বিষয়ের পরীক্ষার সময় হবে ১.৩০ মিনিট;
৪. সিলেবাস:  
যে সকল অধ্যায় থেকে অ্যাসাইনমেন্ট (বাংলা, ইংরেজী ও সাধারণ গণিত বিষয়) দেওয়া হয়েছে সে সকল অধ্যায় এবং ১২/০৯/২০২১ খ্রি. হতে শ্রেণি কক্ষে যে সকল অধ্যায়ের ওপর পাঠদান করা হয়েছে তা ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সিলেবাস;
৫. বার্ষিক/নির্বাচনী পরীক্ষার নম্বর বিন্যাস হবে নিম্নরূপ:  
(ক) বাংলা (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে— ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);  
(খ) ইংরেজী (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে— ৫০ (১ম পত্র ৩০ + ২য় পত্র ২০);  
(গ) সাধারণ গণিত বিষয়ের নম্বর হবে— ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);  
(ঘ) প্রত্যেক শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার নম্বরের সাথে চলমান সকল বিষয়ের অ্যাসাইনমেন্টের ওপর ৪০ নম্বর যোগ করতে হবে; এবং  
(ঙ) বার্ষিক পরীক্ষায় ৭ম শ্রেণি থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর আরও ১০ নম্বর যোগ করতে হবে। উল্লেখ্য, ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার সঙ্গে বৃক্ষরোপণ প্রকল্পে তাদের কর্মতৎপরতা যুক্ত করে এই ১০ নম্বর যোগ করতে হবে;  
(চ) অর্থাৎ মোট ১০০ নম্বরের (৫০+৪০+১০) ওপর প্রত্যেক শিক্ষার্থীকে মূল্যায়নপূর্বক বার্ষিক পরীক্ষার ফলাফল তৈরি করে শিক্ষার্থীদের প্রোগ্রেসিভ রিপোর্ট প্রদান করতে হবে;
৬. ২০২১ শিক্ষাবর্ষে এ পরীক্ষা ব্যতিত অন্য কোন পরীক্ষা নেওয়া যাবে না;
৭. অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে বার্ষিক ও নির্বাচনী পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।



(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

০২-৯৫৫৩৫৪২



**বিতরণ:**

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা  
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. জেলা শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭. উপজেলা নির্বাহী অফিসার, সকল
৮. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. সংরক্ষণ নথি